কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।
www.pbs.kurigram.gov.bd

নম্বর ২৭.১২.৪৯৫২.৫৫০.০২.০০৮.২০.৭২০

তারিখ ২৫ মাঘ ১৪২৬
০৮ ফেব্রুয়ারি ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **পুনঃ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি (৩য় বার)**

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদ পূরনের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিলিং সহকারীগণের মধ্য থেকে পবিস সার্ভিস কোড, পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতিযোগ্য ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নামঃ ০১। বিলিং সুপারভাইজার।

আবেদন করার পদ্ধতিঃ

আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার সুপারিশ সহ স্বহস্তে পূর্ণ জীবন বৃত্তান্ত সম্বলিত আবেদনপত্র, সাম্প্রতিক কালের ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত (৩০০-৫১ অনুযায়ী) প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্নের ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণের ফটোকপি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক অনাপত্তি পত্র, বিগত ০৫(পাচঁ) বৎসরের মধ্যে শাস্তির বিবরণ (যদি থাকে), শাস্তি যদি না থাকে তাহলে সুস্পষ্টভাবে তা উল্লেখ পূর্বক এবং তার বিরুদ্ধে কোন বিভাগীয় তদন্ত প্রক্রিয়াধীন নেই অথবা কোন ফৌজদারী মামলা চলমান নেই এই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র সহ **আগামী ১৩-০২-২০২০খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকার** সময় স্বশরীরে নিম্নস্বাক্ষরকারীর অফিসে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় (মৌখিক সাক্ষাৎকার) অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, সকল সনদ পত্রের/প্রমাণপত্রের ফটোকপি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার অথবা এজিএম (প্রশাসন) /(এইচ আর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

ক্রমিক নং	পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা

০১	বিলিং সুপারভাইজার	পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।	ক) পবিসে বিলিং সহকারী (নিয়মিত) হিসাবে নূন্যতম ০৭ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খ) বিলিং, কম্পিউটার সার্ভার এবং অফিসের অন্যান্য যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণে অবশ্যই সক্ষম হতে হবে। গ) প্রতি মিনিটে বাংলায় ১০ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষেণে উত্তীর্ণ হতে হবে। ঙ) সার্ভিস ব্যাক গ্রাউন্ড ভাল হতে হবে।

শর্তাবলীঃ

০১।	নির্বাচিত প্রাথীগণকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব প্রদান করা হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ের কর্মমূল্যায়ন সন্তোষজনকসহ অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা যেতে পারে।
০২।	আবেদনকারীকে সাদা কাগজে স্বহস্তে (ক) নিজের নাম (খ) পিতার নাম/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) নিজ জেলা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরিতে প্রথম যোগদানের তারিখ (ট) প্রশিক্ষণের বিবরন উল্লেখ পূর্বক লিখিত আবেদন করতে হবে।
০৩।	অতীত কর্ম সম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্যে হতে নির্বাচনী পরীক্ষায় উর্ত্তীণ হওয়া সাপেক্ষে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল করা হবে। পরবর্তীতে পবিসের প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল থেকে নিয়োগ প্রদান করা হবে।
০৪।	পবিস চাকুরী বিধি ৭ ধারা মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী এমন কারও আবেদন করার প্রয়োজন নেই।
০৫।	নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে পবিস নির্দেশিকা/সার্কুলার মোতাবেক ভাতাদি প্রদান করা হবে।
০৬।	পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য হবে না তবে অত্র পবিস এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।
০৭।	অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালক গণের স্বামী/স্ত্রী (Spouse) অথবা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। তবে পূর্ব হতে অত্র সমিতিতে স্বামী ও স্ত্রী হিসাবে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে শর্তটি প্রযোজ্য নয়।
০৮।	যদি কেহ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন এবং পরবর্তীতে প্রমাণিত হয় তবে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাকে চাকুরীচ্যুত করা হবে।
০৯।	সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড ও সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ডে দন্ডিত অথবা বিগত ০৫ (পাচঁ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত অথবা বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড অথবা একবার লঘুদন্ড প্রাপ্ত অথবা বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত অথবা পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন অথবা কর্মরত দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।
১০।	বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।
১১।	যে কোন আবেদন পত্র বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
১২।	নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৩।	শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

৮-২-২০২০

স্বদেশ কুমার ঘোষ

জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড(বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হল)।

৪) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----------- পবিস-১/২/৩/৪।

৫) ডেপুটি জেনারেল ম্যানেজার, নাগেশ্বরী/লালমনিরহাট/উলিপুর/ভূরুঙ্গামারী/কারিগরী সদর দপ্তর, কুড়ি-লাল পবিস।

৬) এজিএম, আদিতমারী/চিলমারী সাব-জোনাল অফিস, কুড়ি-লাল পবিস।

৭) নোটিশ বোর্ড, কুড়ি-লাল পবিস।

৮) অফিস কপি/মাষ্টার কপি।